**বাংলাদেশ পর্যটন করপোরেশন**
প্রশাসন শাখা
পর্যটন ভবন, পশ্চিম আগারগাঁও, ঢাকা - ১২০৭
www.parjatan.gov.bd

নম্বর: ৩০.৩২.০০০০.০২১.১১.০০৭.২৩(৭)/ ২০২৯

তারিখ: ১৪ পৌষ ১৪৩১
২৯ ডিসেম্বর ২০২৪

## সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পর্যটন করপোরেশন-এ নিম্নোক্ত শূন্যপদসমূহে নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। পূর্বে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে নিম্নবর্ণিত পদসমূহে যে সকল প্রার্থী ইতিপূর্বে আবেদন করেছিলেন তাদের আবেদন বহাল থাকবে। তাদের আর নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

| ক্র. নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১ | সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) (গ্রেড-৯) বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/- | ১ (এক)টি | বিএসসি ইঞ্জিনিয়ার। পেশাগত ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। | সকল জেলা |
| ২ | হিসাব রক্ষণ কর্মকর্তা (গ্রেড-৯) বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/- | ৫ (পাঁচ)টি | দ্বিতীয় শ্রেণির মাস্টার্স ডিগ্রী (সমমানের সিজিপিএ) অথবা এসএসসি বা এইচএসসি-তে প্রথম বিভাগসহ দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রী (সমমানের সিজিপিএ)। | |
| ৩ | উপসহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) (গ্রেড-১১) বেতন স্কেল: ১২৫০০-৩০২৩০/- | ১ (এক)টি | কোন অনুমোদিত কারিগরী শিক্ষা বোর্ড থেকে ডিপ্লোমা সার্টিফিকেট প্রাপ্ত। | |
| ৪ | সহকারী বাণিজ্যিক কর্মকর্তা (গ্রেড-১১) বেতন স্কেল: ১২৫০০-৩০২৩০/- | ১৫ (পনের)টি | দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রী (সমমানের সিজিপিএ)। পর্যটন বিষয়ক প্রশিক্ষণ / অভিজ্ঞতা অগ্রাধিকার যোগ্য। | |
| ৫ | সহকারী প্রশিক্ষণ কর্মকর্তা (গ্রেড-১১) বেতন স্কেল: ১২৫০০-৩০২৩০/- | ৫ (পাঁচ)টি | দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রী (সমমানের সিজিপিএ)। পর্যটন বিষয়ক প্রশিক্ষণ / অভিজ্ঞতা অগ্রাধিকার যোগ্য। | |
| ৬ | হিসাব রক্ষক (গ্রেড-১৩) বেতন স্কেল: ১১০০০-২৬৫৯০/- | ৮ (আট)টি | সর্বনিম্ন স্নাতক ডিগ্রী (সমমানের সিজিপিএ)। হিসাব রক্ষণ / সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বৎসরের পূর্ব অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার। | |

**২। শর্তাবলি ও অনলাইনে আবেদনপত্র পূরণ করার নিয়মাবলি:**

ক. ১৮ নভেম্বর ২০২৪ খ্রি. তারিখে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, মুদ্রণ ও প্রকাশনা শাখা হতে ১১ (মুঃপ্রঃ) নং গেজেট বিজ্ঞপ্তি অনুযায়ী বর্ণিত সকল পদে ১৮-১১-২০২৪ খ্রি. তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়স হতে হবে ৩২ (বত্রিশ) বছর। এসএসসি / সমমান পরীক্ষা পাশের সনদপত্রের ভিত্তিতে বয়স নির্ধারিত হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

খ. এ নিয়োগের ক্ষেত্রে ২৩ জুলাই ২০২৪ খ্রি. তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়-এর বিধি-১ শাখার কোটা পদ্ধতি সংশোধন সংক্রান্ত প্রজ্ঞাপন নং: ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১ প্রযোজ্য হবে;

গ. আবেদনকারীকে প্রযোজ্য ক্ষেত্রে আবেদনের সময় বীর মুক্তিযোদ্ধা, শহীদ বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের কপি, উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পিতা/মাতার বীর মুক্তিযোদ্ধার সার্টিফিকেট এর সত্যায়িত কপি এবং প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি করপোরেশন কর্তৃক প্রার্থীর সঙ্গে মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত প্রত্যয়ন পত্র অনলাইনে দাখিল করতে হবে। একইভাবে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ এর সত্যায়িত কপি অনলাইনে দাখিল করতে হবে;

ঘ. সরকারি আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্তপূরণ সাপেক্ষে আবেদন ফরম পূরণের সময় Working in a Government Office এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে;

ঙ. নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৯০ ও সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

চ. নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন এবং নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

ছ. অনলাইনে আবেদনের শেষ তারিখ ১৩ জানুয়ারি ২০২৫ বিকাল ৫:০০ টা পর্যন্ত। শেষ সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমা প্রদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে;

জ. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://parjatan.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ৩০ ডিসেম্বর ২০২৪ সকাল ১০:০০টা
ii. Online-এ আবেদনপত্র জমা প্রদানের শেষ তারিখ ও সময়: ১৩ জানুয়ারি ২০২৫ বিকাল ৫:০০ টা;
iii. প্রার্থীগণকে আবেদন ফি বাবদ প্রতিটি পদের অনুকূলে ২০০/- (দুইশত টাকা) এবং Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩/- (তেইশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা আবেদনের ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন (টাকা জমা প্রদানের বিস্তারিত তথ্য টেলিটকের ওয়েবসাইটের মাধ্যমে জানা যাবে)।

ঝ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটক-এর জবপোর্টাল-এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk-এ মেসেজ-এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (মেইল/মেসেজ-এর subject-এ Organization Name: ------, Post Name: ------, Applicant's User ID Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে);

ঞ. নিয়োগ সংক্রান্ত বিস্তারিত তথ্য বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর ওয়েবসাইটে (www.parjatan.gov.bd) পাওয়া যাবে।

২৯/১২/২০২৪
(মোহাম্মদ সফিউজ্জামান ভূঁইয়া)
মহাব্যবস্থাপক (প্রশাসন)
ও
সদস্য সচিব
৩৫ পদে জনবল নিয়োগ কমিটি
বাংলাদেশ পর্যটন করপোরেশন, ঢাকা

Scanned with CamScanner